ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৩৮৩

আগরতলা, ১৯ ডিসেম্বর, ২০২৫

**উত্তর পূর্বাঞ্চলের ইতিহাস, সংস্কৃতি বিষয়ে দু'দিনের আলোচনাচক্র শুরু**

মহারাজা বীরবিক্রম মহাবিদ্যালয়ের রবীন্দ্র হলে আজ 'রিভিজিটিং অ্যান্ড রিকনস্ট্রাকটিং দ্য হিস্ট্রি অব নর্থ ইস্ট ইন্ডিয়া-উইথ স্পেশাল রেফারেন্স টু ত্রিপুরা' শীর্ষক আলোচনাচক্র শুরু হয়েছে। দু'দিনব্যাপী এই আলোচনাচক্রের উদ্বোধন করেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী অরুণোদয় সাহা। এ বিষয়ে আলোচনা করতে গিয়ে তিনি বলেন, ইতিহাস যুগ যুগ ধরে আমাদের অতীত ঐতিহ্যকে ধরে রাখে। ইতিহাস না থাকলে আমাদের সুপ্রাচীন কাজগুলি সমাজ থেকে হারিয়ে যেতো। সাহিত্য, সংস্কৃতি, রাজন্য শাসন ব্যবস্থা ইত্যাদি সম্পর্কে আমরা কিছুই জানতে পারতাম না। সমগ্র পৃথিবী, আমাদের দেশ এবং আমাদের রাজ্য ত্রিপুরারও প্রাচীন ঐতিহ্য ও ইতিহাস রয়েছে। দু'দিনব্যাপী এই আলোচনাচক্রে ইতিহাস নিয়ে বিভিন্ন আলোচনা হবে। তিনি এই আলোচনাচক্রের সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে এম.বি.বি. বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিভাস দেব পদ্মশ্রী অরুণোদয় সাহা এবং ওড়িশার সম্বলপুর বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রিত অধ্যাপক খগেন্দ্র নাথ শেঠিকে সংবর্ধনা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আই.সি.এইচ.আর.-এর সহঅধিকর্তা ড. নীতিন কুমার। সম্মানীয় অতিথি হিসেবে বক্তব্য রাখেন সম্বলপুর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর খগেন্দ্রনাথ শেঠি, উপাচার্য ড. বিভাস দেব, নর্থ ইস্ট হিল শিলং ইউনিভার্সিটির প্রফেসর অমরেন্দ্র কুমার ঠাকুর প্রমুখ। অনুষ্ঠানের প্রধান বক্তা গুয়াহাটি রয়েল গ্লোবাল ইউনিভার্সিটির প্রফেসর সজল নাগ উত্তর পূর্বাঞ্চলের রাজন্য আমলের ইতিহাস তুলে ধরেন। স্বাগত বক্তব্য রাখেন এম.বি.বি. বিশ্ববিদ্যালয়ের জাতীয় সেমিনার কমিটির সাংগঠনিক সম্পাদক পরেশ দেবনাথ ও মহাবিদ্যালয়ের টিচার্স কাউন্সিলের সম্পাদক ড. দীপা ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এম.বি.বি. বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ড. নির্মল ভদ্র। দু'দিনব্যাপী এই সেমিনারে রাজ্য ও বহির্রাজ্যের আমন্ত্রিত ইতিহাসবিদ ও বিশেষজ্ঞগণ আলোচনায় অংশ নেবেন।

*****